

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়  
গাজীপুর ক্যান্টনমেন্ট  
[www.gcb.gov.bd](http://www.gcb.gov.bd)

নং-২৩.২২.৭০০৭.০৯.০১.২০২০-

তারিখঃ-----

ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ


সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**পুরাতন ভবন নিলাম বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাজীপুর ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়ের পুরাতন দ্বিতল বিশিষ্ট ভবনটি অপসারণের লক্ষ্যে নির্মাণ সামগ্রী (যে খানে যে অবস্থা আছে) নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিজস্ব লেটারহেড প্যাডে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দর আহবান করা হচ্ছে। দরপত্রসমূহ আগামী ৩০/০৯/২০২০ তারিখ বেলা ৯.০০-১২.০০ ঘটিকা পর্যন্ত গাজীপুর ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই ১২.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।

**শর্তাবলী**

- ১। নিলামে অংশগ্রহণকারীকে নিম্নস্বাক্ষরকারী অনুকূলে ২৫,০০০/- টাকার পে- অর্ডার/ ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জামানত হিসেবে দরপত্রের সহিত জমা করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ২। সর্বোচ্চ দরদাতাকে তাৎক্ষণিকভাবে ৩০/০৯/২০২০ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে প্রদত্ত দরের ৫০% টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/নগদ অত্রদপ্তরে জমা করতে হবে। অন্যথায় জামানত হিসেবে জমাকৃত প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত করা হবে।
- ৩। উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক দর অনুমোদিত হওয়ার পর অবশিষ্ট অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে অত্রদপ্তরে জমা করার পরেই কেবল সর্বোচ্চ দরদাতাকে ভবন ভাংগার ও মালামাল গ্রহণ এর অনুমতি পত্র দেওয়া হবে।
- ৪। সর্বোচ্চ দরদাতাকে সরকারী বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ৫% হারে উৎসে কর প্রদান করতে হবে।
- ৫। বর্ণিত অকেজো ভবনটি অফিস চলাকালীন সময়ে অত্র দপ্তরের প্রতিনিধির মাধ্যমে দেখা যাবে।
- ৬। বর্ণিত অকেজো ভবনটির ভাংগার সময় অভিজ্ঞ কারিগর/যন্ত্র ব্যবহার করতে হবে।
- ৭। অকেজো ভবনটি ভাংগার সময় পাশ্ববর্তী ভবনের কোন প্রকার ক্ষতি সাধিত হলে আপনাকে নিজ দায়িত্বে ও খরচে তা মেরামত/নির্মাণ করে দিতে হবে।
- ৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিলামকৃত দর যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন না করা পর্যন্ত পুরাতন ভবন অপসারণ/ভাংগা যাবেনা।
- ৯। সর্বোচ্চ দরদাতাকে অনুমতিপত্র প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে নিলামকৃত অকেজো ভবনটি ভেংগে এর যাবতীয় মালামাল নিজ ব্যয়ে/দায়িত্বে অপসারণ করতে হবে।




(মোহাম্মদ মোজাম্মেল হক)

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

গাজীপুর ক্যান্টনমেন্ট।

ceo\_gazipur@dmlc.gov.bd



**অনুলিপি :**

- ১। মহাপরিচালক  
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর  
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস। - সদয় জ্ঞাতার্থে।
- ২। স্টেশন সদর দপ্তর, রাজেন্দ্রপুর  
রাজেন্দ্রপুর সেনানিবাস। - সদয় অবগতি এবং ৩০/০৯/২০২০ বেলা ১২.৩০ ঘটিকায় দরপত্র খোলার সময় বাক্স তারিখ জি ডি ও রাজেন্দ্রপুর সেনানিবাসে-কে উপস্থিত থাকার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৩। জিই (আর্মি), বি ও এফ, গাজীপুর সেনানিবাস - সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য।
- ৪। এজিই (আর্মি), রাজেন্দ্রপুর সেনানিবাস - অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর উপজেলা - অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য।
- ৬। অফিস সহকারী -এ কার্যালয় - বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৭। নোটিশ বোর্ড, এ কার্যালয়।